



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়
নেছারাবাদ, পিরোজপুর।



E-mail : useconesarabad@yahoo.com

স্মারক নং-৩৭.১০.০০০.৭৯৮৭.১৬.০৮৮.২৩-৩২৬

তারিখ : ১২/১২/২০২৩ খ্রিঃ

বিষয় : ৮ম ও ৯ম শ্রেণির বিষয়ভিত্তিক শ্রেণি শিক্ষক এবং মাস্টার ট্রেনিংদের "নতুন শিক্ষাক্রম বিস্তরণ" প্রশিক্ষণে অংশগ্রহণ সংক্রান্ত।

সূত্র : কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম কিম, মাউশি, ঢাকা এর ১০/১২/২০২৩ খ্রিঃ তারিখের জুম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাবীন "ডিসেমিনেশন অব নিউ কারিকুলাম কিম" এর আওতায় আর উপজেলার ৮ম ও ৯ম শ্রেণির বিষয়ভিত্তিক শ্রেণি শিক্ষকদের (তালিকা সংযুক্ত) "নতুন শিক্ষাক্রম বিস্তরণ" বিষয়ক ০৭ (সাত) দিন ব্যাপী প্রশিক্ষণ ১ম পর্যায় আগামী- ১৮/১২/২০২৩ খ্রিঃ তারিখ থেকে ২২/১২/২০২৩ খ্রিঃ এবং ২৬/১২/২০২৩ - ২৭/১২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৭ (সাত) দিন সরকারি স্বরূপকারী পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে সংযুক্ত তালিকার সকল বিষয়ভিত্তিক শিক্ষক এবং সকল মাস্টার ট্রেনিংদের উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে বিশেষভাবে অনুরোধ করা হল।

সময়সূচী :

প্রশিক্ষণ ভেনু	প্রশিক্ষণ সময়কাল	সময়
সরকারি স্বরূপকারী পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়	১৮ ডিসেম্বর ২০২৩ - ২২ ডিসেম্বর ২০২৩ এবং ২৬ ডিসেম্বর ২০২৩ - ২৭ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত (মোট ৭দিন)	প্রতিদিন সকাল ৯:০০ টা থেকে বিকেল ৪:৩০ ঘটিকা পর্যন্ত।

ক) প্রশিক্ষণার্থীদের জন্য প্রয়োজনীয় নির্দেশনা :

- ১। সকাল ৮:৩০ মিনিটে প্রশিক্ষণ ভেনুতে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
- ২। যথাসময়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে। (কোন জামেই সকাল ৯:০০ ঘটিকার পরে অংশগ্রহণ এবং ৪:৩০ ঘটিকার পূর্বে ছুটি নেয়া যাবে না)
- ৩। ৮ম ও ৯ম শ্রেণির বিষয়ভিত্তিক পাঠ্যপুস্তক শিক্ষাপ্রতিষ্ঠান থেকে নিয়ে আসতে হবে (যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত হয়েছে)
- ৪। ৮ম ও ৯ম শ্রেণির শিক্ষক সহায়িকা (TG) সাথে নিয়ে আসতে হবে।
- ৫। ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির ২০২৩ শিখনকালীন মূল্যায়ন নির্দেশিকা, যাদাসিক ও বার্ষিক মূল্যায়নের কাজ ও নির্দেশনার হার্ডকপি সাথে নিয়ে আসতে হবে।
- ৬। প্রশিক্ষণের শুরুতে অনলাইন প্রি-টেস্ট এবং শেষে পোস্ট-টেস্ট হবে। এর জন্য ইন্টার নেট সংযোগ এবং WhatsApp গ্র্যাপিকেশন সচলসহ অ্যান্ড্রয়েড মোবাইল ফোন সাথে নিয়ে আসতে হবে।

খ) প্রশিক্ষকদের জন্য প্রয়োজনীয় নির্দেশনা :

- ১। সকাল ৮:১৫ মিনিটে প্রশিক্ষণ ভেনুতে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
- ২। প্রশিক্ষকদের প্রশিক্ষণে আমন্ত্রণ সংক্রান্ত অফিস আদেশে ৮ম ও ৯ম শ্রেণির জেলা/ উপজেলা পর্যায়ের প্রশিক্ষণে প্রদত্ত ৪/৪ প্রশিক্ষণ ম্যানুয়্যালসহ যথাসময়ে উপস্থিত থাকতে হবে।
- ৩। প্রশিক্ষণের শুরুর দিন প্রশিক্ষকগণকে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর ৮ম ও ৯ম শ্রেণির ড্রাফ্ট পাঠ্যপুস্তক, পি-টেস্ট ও প্রশিক্ষণের শেষের দিন পোস্ট-টেস্ট প্রশ্নপত্রের লিঙ্ক প্রশিক্ষণার্থীদের সাথে শেয়ার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ) প্রতিষ্ঠান প্রধানদের প্রতি নির্দেশনা :

- ১। বিষয়ভিত্তিক শ্রেণি শিক্ষক ব্যতীত অন্য কোন শিক্ষককে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য পাঠানো যাবে না।
- ২। কোর্চিং সেন্টারের সাথে জড়িত কোন শিক্ষককে প্রশিক্ষণে পাঠানো যাবে না।
- ৩। কমপক্ষে এক (০১) বছর কর্মরত খসিকালীন শিক্ষককে প্রশিক্ষণে পাঠানো যাবে, তবে সংশ্লিষ্ট শিক্ষককে শিক্ষা বোর্ড কর্তৃক খসিকালীন নিয়োগের অনুমোদন কপি, প্রতিষ্ঠানে নিয়োগপত্র এবং যোগদানপত্রের ফটো কপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত) সংগে নিয়ে আসতে হবে।
- ৪। উপজেলা, জেলা পর্যায়ের কোন মাস্টার ট্রেনিংর শিক্ষকগণকে বিষয়ভিত্তিক শিক্ষক হিসাবে প্রশিক্ষণে পাঠানো যাবে না।
- ৫। EIIIN ধারী (স্বীকৃতি এবং পাঠদানের অনুমোদন সহ) শিক্ষা প্রতিষ্ঠানের বৈধ শিক্ষকগণ প্রশিক্ষণের আওতায় আসবেন।

বিঃ প্রঃ বিষয়ভিত্তিক শ্রেণি শিক্ষক এবং মাস্টার ট্রেনিংদের তালিকা পাওনা মাত্র প্রেরণ করা হবে।


(মোঃ জাহাঙ্গীর হোসেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
নেছারাবাদ, পিরোজপুর।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার
নেছারাবাদ, পিরোজপুর (সকল)।

তারিখ : ১২/১২/২০২৩ খ্রিঃ

স্মারক নং-৩৭.১০.০০০.৭৯৮৭.১৬.০৮৮.২৩-৩২৬/১(৫)

সনয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম কিম, মাউশি, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, নেছারাবাদ, পিরোজপুর।
- ৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নেছারাবাদ, পিরোজপুর (স্বাস্থ্য সেবা নিশ্চিতের অনুরোধসহ)।
- ৪। জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
- ৫। ডিজিএম, পল্টী বিদ্যুৎ, নেছারাবাদ, পিরোজপুর (প্রশিক্ষণ চলাকালীন নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের অনুরোধসহ)।
- ৬। প্রধান শিক্ষক, সরকারি স্বরূপকারী পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়, নেছারাবাদ, পিরোজপুর (সার্বিক সহযোগিতার অনুরোধসহ)।
- ৭। অফিস কপি।


(মোঃ জাহাঙ্গীর হোসেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
নেছারাবাদ, পিরোজপুর।